



১০০

ভিসি পদত্যাগ না করা
পর্যন্ত তাকে কালো
পতাকা দেখানো হবে

—ছাত্র দল

॥ স্টাফ রিপোর্টার ॥

জাতীয়তাবাদী ছাত্র দল ঢাকা বিশ্ববিদ্যালয়
শাখার আহ্বায়ক জনাব খায়রুল কবির
থোকন এক বিবৃতিতে বিশ্ববিদ্যালয়
দিবসে জাতীয়তাবাদী ছাত্র দল ও সংগ্রামী
ছাত্রজোট কর্মীদের 'দক্ষতকারী', 'এদের
ধরা হবে' 'ছবি তুলুন' 'ভিডিও করুন'
ভিসি কর্তৃক এসব ছমকি দেয়ায় তার তীব্র
নিন্দা করেছেন। বিবৃতিতে তিনি বলেন,
ভিসি পদত্যাগ না করা পর্যন্ত তাকে
কালো পতাকা প্রদর্শন করা হবে। তিনি
বলেন, ভিসির এসব উস্কানিমূলক কথার
জন্য তাকেই দায়ী থাকতে হবে।